

## **া** সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ১৬০৩ [আন্তর্জাতিক নাম্বারঃ ৭৩৬]

৬। মুসাফিরদের সালাত ও তার কসর (كتاب صلاة المسافرين وقصرها)

পরিচ্ছেদঃ ১৭. রাতের সালাত, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর রাতের সালাতের রাকাআত সংখ্যা, বিতর সালাত এক রাকাআত এবং এক রাকাআত সালাত আদায় সহীহ সাব্যস্ত

باب صلاَةِ اللَّيْلِ وَعَدَدِ رَكَعَاتِ النَّبِيِّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي اللَّيْلِ وَأَنَّ الْوِتْرَ رَكْعَةٌ وَأَنَّ الرَّكْعَةَ صلاَةٌ صَحِيحَةٌ

## আরবী

وَحَدَّتَنِي حَرْمَلَةُ بْنُ يَحْيَى، حَدَّثَنَا ابْنُ وَهْبِ، أَخْبَرَنِي عَمْرُو بْنُ الْحَارِثِ، عَنِ ابْنِ شِهَابٍ، عَنْ عُرْوَةَ بْنِ الزُّبَيْرِ، عَنْ عَائِشَةَ، زَوْجِ النَّبِيِ صلى الله عليه وسلم قَالَتْ كَانَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم يُصلِّي فِيمَا بَيْنَ أَنْ يَفْرُغَ مِنْ صَلَاةِ الْعِشَاءِ \_ وَهِي رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم يُصلِّي فِيمَا بَيْنَ أَنْ يَفْرُغَ مِنْ صَلاَةِ الْعِشَاءِ \_ وَهِي النَّبِي يَدْعُو النَّاسُ الْعَتَمَةَ \_ إِلَى الْفَجْرِ إِحْدَى عَشْرَةَ رَكْعَةً يُسَلِّمُ بَيْنَ كُلِّ رَكْعَتَيْنِ وَيُوتِرُ بوَاحِدَةٍ فَإِذَا سَكَتَ الْمُؤَدِّنُ مِنْ صَلاَةِ الْفَجْرِ وَتَبَيَّنَ لَهُ الْفَجْرُ وَجَاءَهُ الْمُؤَدِّنُ قَامَ فَرَكَعَ رَكْعَتَيْنِ خَفِيفَتَيْنِ خَفِيفَتَيْنِ خُهُ المُؤَدِّنُ قَامَ فَرَكَعَ رَكْعَتَيْنِ خَفِيفَتَيْنِ خُهِ الْمُؤَدِّنُ لِلإِقَامَةِ

## বাংলা

১৬০৩-(১২২/...) হারমালাহ ইবনু ইয়াহইয়া (রহঃ) ..... নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর স্ত্রী আয়িশাহ (রাযিঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইশার সালাত ও ফজরের সালাতের মধ্যবর্তী সময়ে এগার রাকাআত সালাত আদায় করতেন। এর মধ্যে এক রাকাআত বিতর আদায় করতেন এবং প্রতি দু' রাকাআতে সালাম ফিরাতেন। ইশার সালাতকে লোকজন ঐ সময়ে 'আতামাহ' বলত। মুয়াযযিন আযান দিয়ে শেষ করলে এবং ফজরের সময় স্পষ্ট হয়ে উঠলে মুয়াযযিন রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে আসত। তখন তিনি সংক্ষিপ্তভাবে দু' রাকাআত সালাত আদায় করতেন। এরপর ডান কাত হয়ে শুয়ে পড়তেন। পরে মুয়াযযিন পুনরায় ইকামাতের জন্য আসত (তখন উঠে তিনি সালাত আদায় করতেন)। (ইসলামী ফাউন্ডেশন ১৫৮৮, ইসলামীক সেন্টার ১৫৯৫)

## **English**

'A'isha, the wife of the Messenger of Allah (ﷺ), said that between the time



when the Messenger of Allah (ﷺ) finished the 'Isha' prayer which is called 'Atama by the people, he used to pray eleven rak'ahs, uttering the salutation at the end of every two rak'ahs, and observing the Witr with a single one. And when the Mu'adhdhin had finished the call (for the) dawn prayer and he saw the dawn clearly and the Mu'adhdhin had come to him, he stood up and prayed two short rak'ahs. Then he lay down on his right side till the Mu'adhdhin came to him for Iqama.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিদ্দীক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন